

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৫.১৯.৫০

তারিখ: ১৯ মাঘ ১৪২৬

০২ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: **জনাব শরীফ সাদি, অধ্যক্ষ, পৌর মহিলা কলেজ, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

কিশোরগঞ্জ জেলার পৌর মহিলা কলেজ-এর প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান উক্ত কলেজের অধ্যক্ষ জনাব শরীফ সাদি এর বিরুদ্ধে এমপিও না করানোর অভিযোগ করেন।


আবেদনের বিবরণঃ কিশোরগঞ্জ জেলার পৌর মহিলা কলেজ-এর প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান জানান যে, ২৪/০১/২০১৯খ্রি. তারিখে এনটিআরসিএর মাধ্যমে প্রভাষক (উদ্ভিদবিজ্ঞান) পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ১১/০২/২০১৯খ্রি. তারিখে যোগদান করেন। ১০/০৪/২০১৯খ্রি. তারিখে প্রয়োজনীয় কাগজপত্রসহ এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করেন। অধ্যক্ষ অত্র কলেজের অনার্স শাখার সৃষ্ট পদে ২০১৮ সালে নিয়োগপ্রাপ্ত জনাব সাইফুল ইসলাম জুয়েল, প্রভাষক (উদ্ভিদবিজ্ঞান) দিয়ে হাইকোর্টে রিট পিটিশন নং ১৯২৪/২০১৯ দাখিল করান। বর্ণিত কারণে কিশোরগঞ্জ সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা এমপিও আবেদনটি বাতিল করে দেন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন শাখার মতামত পেশ করতে বলেন। মতামত প্রদানের জন্য অধ্যক্ষ ও উপজেলা শিক্ষা কর্মকর্তা কোন রকম ব্যবস্থা গ্রহণ না করায় স্ব-প্রনোদিত হয়ে মাউশির আইন শাখার মতামতের জন্য আবেদন করি। মাউশির মতামতে “অনার্স কোর্সে জনবলকাঠামো ২০১৮ তে কোন প্যাটার্ন না থাকায় এমপিওভুক্তির সুযোগ নেই” মর্মে উল্লেখ করেন। উক্ত মতামত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টিগোচর হলে তিনি পুনরায় আবেদন করতে বলেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় অত্র কলেজের অধ্যক্ষ, জনাব শরীফ সাদি উক্ত মতামত উপেক্ষা করেন এবং অনলাইনে আবেদনে বাধা প্রদান করেন। তিনি নিয়োগের পূর্ব থেকে বিভিন্ন রকমের অসুবিধাসহ হয়রানি করছেন। উনার নির্দেশেই জনাব সাইফুল ইসলাম রিট মামলাটি দায়ের করেন। উক্ত প্রভাষককে তিনি ২০১৮ সালে মাউশির কোন প্রতিনিধি ব্যতিত নিয়োগ প্রদান করেন। উক্ত প্রভাষক ছাড়াও অত্র কলেজে বেশ কিছু শিক্ষকে অনার্স শাখায় নিয়োগ দেয়া হয়েছে। যার প্রেক্ষিতে এনটিআরসির সুপারিশের পর অত্র কলেজ হতেই মহাদয়কে বিবাদী করে হাইকোর্টে দুটি রিট পিটিশন দাখিল হয়েছে। অধ্যক্ষ কর্তৃক এমন স্বেচ্ছাচারিতার দরুন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মেধাবী শিক্ষক নিয়োগ প্রকিয়া বার বার বাধাগ্রস্ত হবে যা শিক্ষার মানউন্নয়নে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করবে।

উল্লেখ্য যে নিম্ন স্বাক্ষরকারী একটি সরকারি চাকরি ছেড়ে শিক্ষকতা ভালোসেসে বেসরকারি শিক্ষকতা পেশায় নিয়োজিত হয়েছি এবং সরকারি চাকরি আবেদনে কোন বয়স আর অবশিষ্ট নেই।

এমতাবস্থায় উপরিউক্ত বিষয়ের আলোকে মানবিক দিক ও শিক্ষার মান উন্নয়নে বিশেষ বিবেচনায় অত্র কলেজের অধ্যক্ষ, জনাব শরীফ সাদি এর বিরুদ্ধে যথাযথ বিভাগীয় ব্যবস্থা গ্রহণে ও নিম্নস্বাক্ষরকারীকে যোগদানের তারিখ হতে এমপিওভুক্তি জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহাদয়ের মর্জি হয়।

অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও উপপরিচালক (কলেজ), আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

তদন্ত কর্মকর্তাকে সরেজমিন তদন্ত করে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।



২-২-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) প্রফেসর মোঃ আজহারুল হক, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৫.১৯.৫০/১

তারিখ: ১৯ মাঘ ১৪২৬  
০২ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, কিশোরগঞ্জ
- ৩) শরীফ সাদি, অধ্যক্ষ, পৌর মহিলা কলেজ, কিশোরগঞ্জ।
- ৪) মোঃ সাইদুর রহমান, প্রভাষক (উদ্ভিদবিজ্ঞান), পৌর মহিলা কলেজ, কিশোরগঞ্জ।



২-২-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক